তারিখ : 19 MAR 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# আজ ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

বেসরকারি ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন আজ। দুপুর ১টায় রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাবেক প্রধান বিচারপতি তফাজ্জল ইসলাম, আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সুলতানা কামাল, বিশ্ববিদ্যালয়ে ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আহমদ শফি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী প্রমুখ। সমাবর্তনে ১৪৪৫ ছাত্রছাত্রীকে সনদ দেওয়া হবে। সংবাদ বিজ্ঞপ্তি।